



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

এসএমই বিভাগ

www.krishibank.org.bd

নং-প্রকা/এসএমইবিঃ(শাখা-২)প্রক্রে-৩(৭৯)অংশ-২/২০২৩-২০২৪/ ১৪৭(১২৫০)

তারিখঃ ০৪/০২/২০২৪

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ পরিবেশবান্ধব পণ্য/উদ্যোগ/প্রকল্পের জন্য পুনঃঅর্থায়ন ক্ষিমের আওতায় সুপারি গাছের খোল হতে তৈজসপত্র তৈরি ও ভার্মি কম্পোস্ট জৈব সার উৎপাদন খাতে ঋণ বিতরণ প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, বিকেবি, নির্বাহী কমিটি'র ১৩৩তম সভায় সুপারি গাছের খোল হতে তৈজসপত্র তৈরির লক্ষ্যে গ্রিন ব্যাংকিং ও টেকসই অর্থায়ন খাতে সিএমএসএমই এর আওতায় কুটির শিল্পে এবং গ্রামীণ অর্থনৈতিক উন্নয়ন ও দেশের প্রোটিনের চাহিদা পূরণকল্পে গরু মোটাতাজাকরণের মাধ্যমে মাংসের উৎপাদন বৃদ্ধি, দুধ ও দুগ্ধজাত পণ্য ও গোবর হতে ভার্মি কম্পোস্ট জৈব সার উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে পরিবেশবান্ধব পুনঃঅর্থায়ন ক্ষিমের আওতায় প্রকল্প ঋণ বিতরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।

০২। এমতাবস্থায়, বিকেবি নির্বাহী কমিটি'র উপরোক্ত সিদ্ধান্ত মোতাবেক পরিবেশবান্ধব পণ্য/উদ্যোগ/প্রকল্পের জন্য পুনঃঅর্থায়ন ক্ষিমের আওতায় সুপারি গাছের খোল হতে তৈজসপত্র তৈরি ও ভার্মি কম্পোস্ট জৈব সার উৎপাদন খাতে ঋণ বিতরণ জোরদারকরণের জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

(আনন্দ মোহন গোস্বামী)

উপমহাব্যবস্থাপক

ফোনঃ ০২৪৭১২০১৬৬

ই-মেইল: dgsme@krishibank.org.bd

সংযুক্তিঃ বর্ণনামতে।

নং-প্রকা/এসএমইবিঃ(শাখা-২)প্রক্রে-৩(৭৯)অংশ-২/২০২৩-২০২৪/

তারিখঃ ঐ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়/স্টাফ কলেজ, ঢাকা।
- ০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, সকল বিভাগীয় কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৫। সকল উপমহাব্যবস্থাপক, বিভাগীয় প্রধান, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে উপরোক্ত পরিপত্রটি ওয়েব-সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- ০৬। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৭। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৮। নথি/মহানথি।

(মোঃ পারভেজ কাওসার সরকার)
সহকারী মহাব্যবস্থাপক



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

ক্রেডিট বিভাগ।

ই-মেইল : dgmsme@krishibank.org.bd

সার্কুলার লেটার নং-বিকেবি-প্রকা/ক্রেডিবিঃ-শাখা-৪(এসএমই)-৭(১)/২০২৩-২০২৪/ ৯৫০(২২৫০) তারিখঃ ১৯/১০/২০২৩

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।

উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।

সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।

সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)


বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : সুপারি গাছের খোল হতে তৈজসপত্র তৈরি খাতে সিএমএসএমই এর আওতায় ঋণ বিনিয়োগ/বিতরণের মাধ্যমে উদ্যোক্তা তৈরি প্রসঙ্গে।

মহোদয়,

উপরোক্ত বিষয়ে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জানানো যাচ্ছে যে, ১০/১০/২০২৩ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ কৃষি ব্যাংক নির্বাহী কমিটির ১৩২ তম সভায় সুপারি গাছের খোল হতে তৈজসপত্র তৈরি খাতে সিএমএসএমই এর আওতায় ঋণ বিতরণের মাধ্যমে উদ্যোক্তা তৈরির বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে। দেশের সে সকল অঞ্চলে সুপারি গাছের আধিক্য রয়েছে সে সকল অঞ্চলে সুপারি গাছের খোল হতে তৈজসপত্র তৈরি করা হয়ে থাকে। বিশেষত গ্রামীণ মহিলারা এ পেশার সাথে জড়িত। সিএমএসএমই এর আওতায় অর্থায়নের নিমিত্ত এটি অগ্রাধিকারপ্রাপ্ত খাত। কুটির শিল্পের আওতায় এ খাতে উদ্যোক্তাদের অর্থায়ন করে একটি উদ্যোক্তা শ্রেণী গড়ে তোলার সুযোগ রয়েছে।

এমতাবস্থায়, বাংলাদেশ কৃষি ব্যাংক নির্বাহী কমিটির নির্দেশনা মোতাবেক যে সকল অঞ্চলে সুপারি গাছের আধিক্য রয়েছে সে সকল অঞ্চলে সিএমএসএমই এর আওতায় সুপারি গাছের খোল হতে তৈজসপত্র তৈরি খাতে ঋণ বিতরণের মাধ্যমে উদ্যোক্তা তৈরির পরামর্শ দেয়া হলো।


(মোহঃ খালেদুজ্জামান)
মহাব্যবস্থাপক

পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ

তারিখ : এ

নং-বিকেবি-প্রকা/ক্রেডিবিঃ-শাখা-৪(এসএমই)-৭(১)/২০২৩-২০২৪/ ৯৫০(২২৫০)
সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৯। নথি/মহানথি।


(আনন্দ মোহন গোপ)

উপমহাব্যবস্থাপক
আনন্দ মোহন গোপ
উপমহাব্যবস্থাপক
ক্রেডিট বিভাগ
বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
ক্রেডিট বিভাগ

ফোনঃ ০২২২৩৩-৮৮৯৪৯,
০২২২৩৩-৫৮৬৮১

ই-মেইল: dgmpid@krishibank.org.bd

নং-প্রকা/ক্রেবি(শাখা-৩)প্রক্রেবি-৩(৭৯)/২০২৩-২০২৪/১৩২৭ (১১০০)

তারিখঃ ১১.০৯.২০২৩

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ পরিবেশবান্ধব পণ্য/প্রকল্প/উদ্যোগের জন্য পুনঃঅর্থায়ন স্কিম প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয় বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয় ঢাকার সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্টের এসএফডি সার্কুলার নং-০২/২০২৩, তারিখঃ ৩০ আগস্ট ২০২৩ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। বাংলাদেশ ব্যাংকের সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট কর্তৃক ২৪ জুলাই ২০২২ তারিখে জারিকৃত এসএফডি সার্কুলার নং-০৪ এর মাধ্যমে বাংলাদেশ সরকারের ঘোষিত বিভিন্ন কর্ম পরিকল্পনা যেমন- Prespective Plan of Bangladesh, National Sustainable Development Strategy, Intended Nationally Determined Contributions (INDCs), Bangladesh Delta Plan এবং 2100 Sustainable Development Goals (SDGs) বাস্তবায়নের সাথে সঙ্গতি রেখে প্রণীত টেকসই অর্থায়ন নীতিমালা ২০২০ এর আলোকে পরিবেশবান্ধব পণ্য/প্রকল্প/উদ্যোগ অর্থায়নকে ত্বরান্বিতকরণের উদ্দেশ্যে পরিবেশবান্ধব পণ্য/প্রকল্প/উদ্যোগ জন্য পুনঃঅর্থায়ন স্কিম (Refinance Scheme for Green Products/Projects/Initiatives) চালু করা হয়। পরিবেশ বান্ধব পণ্য/প্রকল্প/উদ্যোগ অর্থায়নের ত্বরান্বিতকরণ চাহিদা পর্যালোচনায় আলোচ্য স্কিম এর পুনঃঅর্থায়ন সংশ্লিষ্ট পণ্য/প্রকল্প/উদ্যোগের বিদ্যমান পরিসর যুগোপযোগী করা হয়েছে। সার্বিক বিবেচনায়, পূর্ববর্তী সার্কুলার এ বর্ণিত নীতিমালা পরিমার্জন করে এ সার্কুলার জারি করা হলো।

০৩। তহবিলের আকারঃ ৪০০ (চারশত) কোটি টাকা

০৪। তহবিলের উৎসঃ বাংলাদেশ ব্যাংকের নিজস্ব উৎস।

০৫। পুনঃঅর্থায়ন সুবিধার মেয়াদঃ ৩-১০ বছর। তবে Affordable Green Housing এর ক্ষেত্রে উক্ত মেয়াদ হবে সর্বোচ্চ ২০ বছর। এ পুনঃঅর্থায়ন সুবিধা মঞ্জুর প্রযোজ্য ক্ষেত্রে গ্রোস পিরিয়ড প্রদান করা হবে, যা কোনভাবেই ১ (এক) বছরের বেশি হবে না।

০৬। তহবিল গঠনের উদ্দেশ্যঃ পরিবেশবান্ধব পণ্য/প্রকল্প/উদ্যোগে অর্থায়নকে ত্বরান্বিতকরণ।

০৭। সুদ/মুনাফা হারঃ

৭.১। বাংলাদেশ ব্যাংক কর্তৃক PFI হতে আদায়যোগ্য সুদ/মুনাফা হার ১%;

৭.২। PFI কর্তৃক সরাসরি কিংবা ইন্টারমিডিয়েরি এর সহায়তায় ঋণ বিতরণের ক্ষেত্রে গ্রাহক পর্যায়ে সুদ/মুনাফার হার হবে সর্বোচ্চ ৫%। তবে সরকার ঘোষিত অগ্রাধিকার খাত হিসেবে কৃষি খাতের “Solar Irrigation Pump” এর ক্ষেত্রে গ্রাহক পর্যায়ে সুদ/মুনাফার হার হবে সর্বোচ্চ ৩%; এবং

৭.৩। এ সার্কুলার জারির পূর্বে মঞ্জুরকৃত পুনঃঅর্থায়ন সুবিধা ক্ষেত্রে পূর্ব নির্ধারিত সুদ/মুনাফা হার অপরিবর্তিত থাকবে।

০৮। অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠান (Participatory Financial Institution-PFI): এ স্কিম এর আওতায় পুনঃঅর্থায়ন সুবিধা প্রাপ্তির জন্য অগ্রহী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানকে (PFI) বাংলাদেশ ব্যাংকের (পরিচালক, সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা) সাথে অংশগ্রহণকারী চুক্তি সম্পাদন করতে হবে। উল্লেখ্য, ইতঃপূর্বে চুক্তি সম্পাদনকারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের জন্য নতুন করে চুক্তি সম্পাদনের প্রয়োজন হবে না। সার্কুলার/সার্কুলার লেটারের মাধ্যমে বাংলাদেশ ব্যাংক কর্তৃক সময়ে সময়ে জারিকৃত এ স্কিম সংক্রান্ত নির্দেশনাসমূহ সকল PFI কে পরিপালন করতে হবে।

০৯। পুনঃঅর্থায়ন সুবিধা প্রাপ্তির যোগ্যতাঃ

৯.১ PFI পর্যায়ে

ক) সকল রাষ্ট্র মালিকানাধীন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান আলোচ্য পুনঃঅর্থায়ন সুবিধার আওতায় ঋণ প্রদান করতে পারবে;

খ) বেসকারি ও বিদেশি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের ক্ষেত্রে শ্রেণিকৃত ঋণ/বিনিয়োগের (Classified Loan/Investment) হার ১০% এর কম হতে হবে;

চলমান পাতা-০২

৫৫

বিষয়ঃ পরিবেশবান্ধব পণ্য/প্রকল্প/উদ্যোগের জন্য পুনঃঅর্থায়ন স্কিম প্রসঙ্গে।

- গ) Syndicated Financing-এর বিপরীতে এ পুনঃঅর্থায়ন সুবিধা প্রাপ্তির সুযোগ থাকবে। পুনঃঅর্থায়ন সুবিধা Lead ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান-এর অনুকূলে প্রদান করা হবে। সিন্ডিকেশন এ অন্তর্ভুক্ত সকল PFI-এর বাংলাদেশ ব্যাংকের সাথে এ স্কিম সংক্রান্ত অংশীদারী চুক্তি সম্পাদনের বিষয়টি নিশ্চিত করতে হবে। তবে Lead ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান এবং অন্যান্য অংশগ্রহণকারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান পৃথকভাবে আবেদন করতে পারবে।
- ঘ) ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান যৌক্তিক কারণে Credit Purchase/Loan/Investment Takeover-এর বিপরীতে পুনঃঅর্থায়ন সুবিধার আবেদন করতে পারবে।
- ঙ) এ স্কিম এর আওতায় পরিবেশবান্ধব পণ্য/প্রকল্প/উদ্যোগ কেবল মেয়াদি ঋণ/বিনিয়োগ (Term Loan/Investment) এর বিপরীতে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদানযোগ্য হবে। প্রকল্পের পরামর্শক খরচ, মেরামত সংক্রান্ত ব্যয়, রক্ষণাবেক্ষণ খরচ এবং চলতি মূলধন বাবদ কোনরূপ ব্যয় পুনঃঅর্থায়ন সুবিধার আওতাভুক্ত হবে না;
- চ) পুনঃঅর্থায়ন সর্বোচ্চ সীমা কর্তৃক বিতরণকৃত ঋণের/বিনিয়োগের সমপরিমাণ হবে অথবা পণ্য/প্রকল্পের উৎপাদন ক্ষমতা, প্রকৃত ব্যয় ইত্যাদির আলোকে ব্যাংক কর্তৃক নির্ধারিত হবে;
- ছ) একক গ্রাহক বা গোষ্ঠীর ক্ষেত্রে ঋণ/বিনিয়োগ সুবিধার সর্বোচ্চ সীমা বিষয়ে ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১-তে বর্ণিত নির্দেশনাসহ বিআরপিডি সার্কুলার নং-০১/২০২২ বা এ সংশ্লিষ্ট অন্যান্য সার্কুলার/সার্কুলার লেটারের নির্দেশনা অনুসরণ নিশ্চিত করতে হবে।

৯.২। গ্রাহক পর্যায়েঃ

- (ক) খেলাপি গ্রাহকের অনুকূলে প্রদত্ত ঋণের/বিনিয়োগের বিপরীতে পুনঃঅর্থায়ন সুবিধার আবেদন বিবেচ্য হবে না। PFI কর্তৃক পুনঃ অর্থায়ন সুবিধা আবেদন করার পূর্বে সংশ্লিষ্ট গ্রাহক ও তার স্বার্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের হালনাগাদ সিআইবি রিপোর্ট সংগ্রহ ও ঋণ/বিনিয়োগ গ্রহীতা খেলাপি নয় মর্মে নিশ্চিত হতে হবে;
- (খ) পুনঃ অর্থায়ন জন্য আবেদন সংশ্লিষ্ট পণ্য/প্রকল্প/উদ্যোগ প্রযোজ্য ক্ষেত্রে PFI কর্তৃক ঋণ/বিনিয়োগ বিতরণের/প্রকল্প পরীক্ষামূলকভাবে চালু হওয়ার/প্রয়োজনীয় সার্টিফিকেট প্রাপ্তির পরবর্তীতে পুনঃঅর্থায়ন সুবিধা প্রাপ্তির জন্য আবেদন করা হলে তা বিবেচনাযোগ্য হবে;
- (গ) বিতরণকৃত ঋণের/বিনিয়োগের বিপরীতে বাংলাদেশ ব্যাংকের কোন উৎস হতে পুনঃ অর্থায়ন সুবিধা প্রাপ্ত প্রকল্প এ স্কিম এর আওতায় বিবেচ্য হবে না;
- (ঘ) Credit Purchase/Loan/Investment Takeover-এর বিপরীতে পুনঃঅর্থায়ন সুবিধার আবেদন পূর্বে সংশ্লিষ্ট ঋণ/বিনিয়োগ বিরূপভাবে শ্রেণিকৃত/বিরূপভাবে শ্রেণিকৃত হওয়ার পুনঃতফসিলিকৃত বা সুদ/মুনাফা মওকুফকৃত নয় মর্মে নিশ্চিত করতে হবে। তাছাড়া সংশ্লিষ্ট গ্রাহকের ঋণ/বিনিয়োগ অবলোপনের ইতিহাস পুনঃঅর্থায়নের অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে;
- (ঙ) ঋণ/বিনিয়োগ প্রদানের ক্ষেত্রে গ্রাহক নির্বাচন, সুবিধা মঞ্জুর ও বিতরণ, এ বিষয়ক দলিলাদি সম্পাদন, ঋণ/বিনিয়োগের অর্থের সদ্ব্যবহার, ঋণ/বিনিয়োগ পরবর্তী তদারকির ক্ষেত্রে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের নিজস্ব ঋণ নীতিমালা ও ঋণ ঝুঁকি ব্যবস্থাপনা নীতিমালা এবং বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত ESRM সংশ্লিষ্ট নীতিমালা (এসএফডি সার্কুলার নং-০৩/২০২২) সহ এ সংক্রান্ত বাংলাদেশ ব্যাংকের বিদ্যমান অন্যান্য সংশ্লিষ্ট বিধি-বিধানের আলোকে যথাযথ নিয়মচার অনুসরণ করতে হবে।

১০। পুনঃ অর্থায়নের আবেদন প্রক্রিয়াঃ

১০.১। বিআরপিডি সার্কুলার লেটার-৫৪/২০২০ এর অনুচ্ছেদ ২- এর নির্দেশনা ধারাবাহিকতায় PFI কর্তৃক ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা কিংবা তাঁর মনোনীত এক স্তর নিচের কর্মকর্তার স্বাক্ষরিত আবেদনপত্র এ সার্কুলার এর সংযোজনী-৩ এবং এসএফডি সার্কুলার লেটার ৪০১/২০২১ এ বর্ণিত তথ্যাদি ও দলিলাদি সহকারে পরিচালক, সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা বরাবর দাখিল করতে হবে;

১০.২। যে সকল পণ্য/প্রকল্প/উদ্যোগের ক্ষেত্রে প্রকল্প পরীক্ষামূলকভাবে চালুকরণ (Trial Run) অত্যাৱশ্যকীয় সে সকল পণ্য/প্রকল্প/উদ্যোগের ক্ষেত্রে প্রকল্প পরীক্ষামূলকভাবে চালুকরণের পর অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠান (PFI) তাদের বিতরণকৃত ঋণের/বিনিয়োগের বিপরীতে পুনঃঅর্থায়নের জন্য বাংলাদেশ ব্যাংক বরাবর আবেদন করবে। সংযোজনী-১ এ বর্ণিত পণ্য/ প্রকল্প/ উদ্যোগ তালিকার ক্রমিক নং- ১, ১৫, ১৬, ১৭, ১৮, ৫০-৬৩ এবং ৬৫-৭০ এর জন্য Trial Run সম্পাদনের আবশ্যিকতা নেই;

১০.৩। Green Industry, Green Building, Green Featuring Building ও Affordable Green Housing এর ক্ষেত্রে আবশ্যিকভাবে প্রযোজ্য সংশ্লিষ্ট সার্টিফিকেট/প্রি-সার্টিফিকেট প্রাপ্তির পর আবেদন করা হলে পুনঃ অর্থায়ন সুবিধা বিবেচনাযোগ্য হবে;

চলমান পাতা-০৩

বিষয়ঃ পরিবেশবান্ধব পণ্য/প্রকল্প/উদ্যোগের জন্য পুনঃঅর্থায়ন স্কিম প্রসঙ্গে।

১০.৪। সংশ্লিষ্ট ঋণের/বিনিয়োগের বিপরীতে গ্রাহক কর্তৃক পরিশোধিত কিস্তি ও কোনরূপ সুদ/মুনাফা পুনঃঅর্থায়ন সুবিধার আওতামুক্ত থাকবে; এবং

১০.৫। এ স্কিম এর আওতাবীন পণ্য/প্রকল্প/ উদ্যোগসমূহের ক্ষেত্রে সম্পূর্ণ প্রকল্প বিবেচনা গ্রাহকের Equity Contribution এর বিষয়টি নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে PFI সমূহ বিদ্যমান নীতিমালার আলোকে ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে ঋণ/বিনিয়োগ-মূলধন অনুপাত নির্ধারণ করবে। তবে, প্রকল্পের ঋণ/বিনিয়োগ-মূলধন (Debt/Investment-Equity) অনুপাত ৭০ঃ৩০ হতে হবে।

১১। পুনঃ অর্থায়ন সুবিধা সংশ্লিষ্ট ঋণ/বিনিয়োগের সুদ/মুনাফা হিসাবায়নঃ

১১.১। এ স্কিম এর আওতায় পুনঃ অর্থায়নকৃত অর্থ মঞ্জুরের শর্তানুযায়ী সুদ/মুনাফাসহ নির্ধারিত মেয়াদের মধ্যে Fixed Principal Method অনুসরণপূর্বক আদায়যোগ্য হবে। অনুরূপভাবে, এ সংশ্লিষ্ট ঋণের/বিনিয়োগের সুদ/মুনাফাসহ সমুদয় অর্থ গ্রাহক কর্তৃক Fixed Principal Method এ পরিশোধযোগ্য হবে। এক্ষেত্রে Amortization Schedule এর নমুনা (সংযোজনী-২) অনুসরণযোগ্য হবে;

১১.২। গ্রাহক পর্যায়ে পরিশোধ্য কিস্তি হিসাবায়নে এ সার্কুলার এর অনুচ্ছেদ ৬-এ বর্ণিত সুদ/মুনাফা হার ব্যতীত কোন ধরনের Hidden Expenses বা অন্য কোন ধরনের চার্জ/ফি/সুদ/মুনাফা আরোপ করা যাবে না। তবে, প্রযোজ্য ক্ষেত্রে সরকার কর্তৃক আরোপিত/ধারণ্যকৃত গুরু/কর আদায়যোগ্য হবে;

১১.৩। পুনঃঅর্থায়ন সুবিধা মঞ্জুর করা হলে এ সুবিধা প্রাপ্তির পর গ্রাহক পর্যায়ে অবশিষ্ট ঋণ/বিনিয়োগ আদায়ের সময়কাল এবং PFI পর্যায়ে পুনঃঅর্থায়নকৃত অর্থ পরিশোধের সময়কাল পুনঃঅর্থায়নকৃত অর্থ পরিশোধের সময়কাল পুনঃঅর্থায়ন গ্রহণের তারিখ হতে হিসাবায়ন হবে;

১১.৪। পুনঃঅর্থায়ন সুবিধা সংশ্লিষ্ট ঋণ/বিনিয়োগ গ্রাহক কর্তৃক নির্দিষ্ট মেয়াদের পূর্বে সমন্বয় করা হলে সংশ্লিষ্ট PFI কর্তৃক বিষয়টি বাংলাদেশ ব্যাংকের অবহিত করত তা এককালীন পরিশোধ করতে হবে। উল্লেখ্য, ৩০ আগস্ট ২০২৩ তারিখের পূর্বে পুনঃ অর্থায়িত প্রকল্পসমূহের জন্য তৎকালীন সার্কুলার এর নির্দেশনা প্রযোজ্য হবে। মেয়াদ পূর্তির পূর্বে ঋণ/বিনিয়োগ সমন্বয়ের জন্য গ্রাহক পর্যায়ে কোন প্রকার অতিরিক্ত চার্জ/ফি আরোপ করা যাবে না;

১১.৫। গ্রাহক পর্যায়ে ঋণ/বিনিয়োগ আদায়ের সাথে বাংলাদেশ ব্যাংক থেকে গৃহীত পুনঃঅর্থায়ন দায় পরিশোধকে কোনভাবেই সম্পর্কিত করা যাবে না।

১২। পুনঃ অর্থায়ন সম্পর্কিত তথ্য সরবরাহঃ

১২.১। PFI কর্তৃক পুনঃঅর্থায়ন বাবদ গৃহীত অর্থের হালনাগাদ বিবরণী (ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী অথবা ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহীর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত forwarding letter সহ) ত্রৈমাসিক ভিত্তিতে সংযোজনী-৪ অনুসারে প্রতি ত্রৈমাসে অন্তে পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে পরিচালক, সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা বরাবর দাখিল করতে হবে। পুনঃ অর্থায়নকৃত ঋণের/বিনিয়োগের সন্যবহারের বিষয়টি বাংলাদেশ ব্যাংক স্বীয় বিবেচনায় বা প্রয়োজনীর নিরিখে যে কোন সময় সরেজমিন পরিদর্শন করবে;

১২.২। পুনঃ অর্থায়নকৃত অর্থ সম্পর্কিত বাংলাদেশ ব্যাংকের যাচিত তথ্যাদি/বিবরণী নির্ধারিত সময়ে PFI কর্তৃক দাখিল করা না হলে সংশ্লিষ্ট আইন ও বিধি-বিধান অনুযায়ী যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে;

১২.৩। নিম্নবর্ণিত অবস্থার অবতারণা হলে অংশগ্রহণ চুক্তিপত্রের শর্তানুসারে PFI কে পুনঃঅর্থায়নকৃত অর্থ সুদ/মুনাফা/চার্জ (PFI হতে আদায়যোগ্য সুদ/মুনাফার হার+ব্যাংক হার) সহ এককালীন ফেরত প্রদান করতে হবে এবং উক্ত প্রতিষ্ঠানের বিরুদ্ধে বাংলাদেশ ব্যাংক অর্ডার ১৯৭২, ব্যাংক কোম্পানি আইন ১৯৯১ ও আর্থিক প্রতিষ্ঠান আইন ১৯৯৩ অনুযায়ী স্ব স্ব ক্ষেত্রে প্রযোজ্য ব্যবস্থা গ্রহণ করা হবে;

ক) বাংলাদেশ ব্যাংক কর্তৃক সরেজমিন পরিদর্শনে পুনঃ অর্থায়নকৃত ঋণের/বিনিয়োগের সন্যবহার হয়নি মর্মে উদঘাটিত হলে এবং

খ) পুনঃঅর্থায়ন স্কিম এর আওতায় সুবিধাপ্রাপ্ত গ্রাহকের ঋণ/বিনিয়োগ হিসাব বিরূপভাবে শ্রেণিকৃত হওয়ায় পরও বাংলাদেশ ব্যাংককে তাৎক্ষণিকভাবে অবহিত করা না হলে।

১২.৪। PFI সমূহ পুনঃ অর্থায়ন সম্পর্কিত তথ্যাদি প্রধান কার্যালয় ও শাখাসমূহ সহজে দৃষ্টিগোচরযোগ্য স্থানে প্রদর্শন করবে।

১৩। পুনঃঅর্থায়ন আদায় প্রক্রিয়াঃ


১৩.১ অংশগ্রহণকারী চুক্তি অনুযায়ী কর্তৃক পুনঃঅর্থায়নকৃত অর্থ সুদ/মুনাফাসহ পরিশোধ নিশ্চিত করতে হবে এবং এ মর্মে PFI কে Demand Promissory Note সম্পাদন করতে হবে;

বিষয়ঃ পরিবেশবান্ধব পণ্য/প্রকল্প/উদ্যোগের জন্য পুনঃঅর্থায়ন স্কিম প্রসঙ্গে।

- ১৩.২ পুনঃঅর্থায়ন বাবদ গৃহীত অর্থ ছাড়করণের তারিখ হতে ত্রৈমাসিক কিস্তিতে নির্দিষ্ট পরিশোধসূচি অনুযায়ী সুদ/মুনাফাসহ পরিশোধযোগ্য হবে;
- ১৩.৩ পরিশোধসূচি অনুযায়ী নির্ধারিত তারিখে সুদ/মুনাফাসহ পুনঃঅর্থায়নকৃত অর্থের পরিশোধযোগ্য কিস্তি যথাসময়ে বাংলাদেশ ব্যাংকে রক্ষিত সংশ্লিষ্ট PFI এর চলতি হিসাব বিকলনের মাধ্যমে আদায় করা হবে। এক্ষেত্রে, নির্ধারিত দিনে সংশ্লিষ্ট হিসাবে প্রয়োজনীয় অর্থ থাকার বিষয়টি PFI কর্তৃক নিশ্চিত করতে হবে। কিস্তি পরিশোধে ব্যর্থ হলে বা কিস্তির সমপরিমাণ অর্থ না থাকলে পরবর্তী PFI হতে আদায়যোগ্য সুদ/মুনাফার হার আরোপপূর্বক সংশ্লিষ্ট কিস্তি আদায় করা হবে; এবং
- ১৩.৪ Syndication Financing-এর ক্ষেত্রে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হলে এ সংশ্লিষ্ট ত্রৈমাসিক কিস্তি Lead ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান-এর নিকট হতে আদায় করা হবে। অপরসদস্য ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহকে তাদের অর্থায়ন অনুপাতে (Pro-rata Basis) পুনঃঅর্থায়ন সুবিধা বন্টন, পুনঃঅর্থায়নকৃত অর্থের কিস্তি আদায় ও অন্যান্য দায়-দায়িত্ব সম্পূর্ণরূপে Lead ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান-এর উপর ন্যস্ত থাকবে।
- ১৪। পুনঃঅর্থায়নের জন্য উপযুক্ত পণ্য/প্রকল্প/উদ্যোগঃ
- পুনঃঅর্থায়ন কিমের অধীনে এ সার্কুলার এর সংযোজনী-১ এ বর্ণিত পরিবেশবান্ধব পণ্য/প্রকল্প/উদ্যোগসমূহ পুনঃঅর্থায়নের জন্য বিবেচিত হবে।
- ১৫। গ্রাহক পর্যায়ে ঋণ/বিনিয়োগের তদারকি ও সনাক্তকরণঃ
- ১৫.১। বিদ্যমান ঋণ/বিনিয়োগ নিয়মাচারের পরিপালন নিশ্চিতকরণ, গ্রাহক পর্যায়ে বিতরণকৃত ঋণ/বিনিয়োগের সকল ঝুঁকি ও ঋণ/বিনিয়োগ আদায়ের সকল দায়-দায়িত্ব সংশ্লিষ্ট PFI'র উপর ন্যস্ত থাকবে;
- ১৫.২। গ্রাহক পর্যায়ে বিতরণকৃত ঋণ/বিনিয়োগ বিরূপমানে শ্রেণীকৃত হলে পুনঃঅর্থায়ন সুবিধা বাতিল মর্মে বিবেচিত হবে।
- ১৫.৩। প্রকল্প বাস্তবায়নে পরিবেশ অধিদপ্তর, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, Sustainable and Renewable Energy Development Authority (SREDA), Directorate General of Health Services, Office of The Chief Inspector of Boilers ও অন্যান্য নিয়ন্ত্রক সংস্থা কর্তৃক সময় সময় জারিকৃত প্রযোজ্য সকল নির্দেশনার পরিপালন ঋণ/বিনিয়োগ বিতরণের পূর্বেই নিশ্চিত করতে হবে।
- ১৬। এ সার্কুলারের সংযোজনীসমূহ (সংযোজনী ১, ২, ৩, ৪, ৫ এবং ৬) সার্কুলার অবিচ্ছেদ্য অংশ মর্মে গণ্য হবে।
- ১৭। ইসলামী শরীয়াহ ভিত্তিক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ উপর্যুক্ত শর্তাদির ব্যত্যয় না করে স্বীয় অনুমোদিত বিনিয়োগ পদ্ধতির ভিত্তিতে এ তহবিলের আওতায় গ্রাহক পর্যায়ে বিনিয়োগ করতে পারবে।
- ১৮। এ পুনঃঅর্থায়ন স্কিম এর শর্তাদি বা তহবিলের বিষয়ে যে কোন সংযোজন, বিয়োজন এবং পরিমার্জনের অধিকার সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক সংরক্ষণ করে। এতদ্ব্যতীত ইতিপূর্বে জারিকৃত এসএফডি সার্কুলার নং-০৪, তারিখঃ ২৪ জুলাই ২০২২ এর নির্দেশনা এতদ্বারা রহিত করা হলো।
- ১৯। ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১ এর ৪৫ ধারা এবং আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮(ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ সার্কুলার জারি করা হলো যা অবিলম্বে কার্যকর হবে।
- ২০। বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট এর এসএফডি সার্কুলার নং-০২/২০২৩, তারিখঃ ৩০ আগস্ট ২০২৩ অপর পৃষ্ঠায় ছবছ পুনঃমুদ্রণ করা হলো। এমতাবস্থায়, উক্ত সার্কুলারের নির্দেশনা যথাযথভাবে পরিপালনের জন্য মাঠ কার্যালয় সমূহকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

সংযুক্তিঃ বর্ণনামতে।

আপনার বিশ্বস্ত,

 (মোহাম্মদ হুসাইন ইসলাম)
 উপপ্রকল্প পরিচালক
 ফোনঃ ০২২২৩৩-৮৮৯৪৯

চলমান পাতা-০৫


বিষয়ঃ পরিবেশবান্ধব পণ্য/প্রকল্প/উদ্যোগের জন্য পুনঃঅর্থায়ন ক্ষিম প্রসঙ্গে।

নং-প্রকা/ক্রেবি(শাখা-৩)প্রক্রেবি-৩(৭৯)/২০২৩-২০২৪/৮২৭(২২৫০)

তারিখঃ এ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২ ও ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৫। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৬। নথি/মহানথি।


 (মোঃ পারভেজ কাওসার সরকার)
সহকারী মহাব্যবস্থাপক

সংযোজনীঃ ১-পরিবেশবান্ধব পণ্য/প্রকল্প/উদ্যোগের তালিকা

সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

খাত ১ঃ নবায়নযোগ্য জ্বালানি (Renewable Energy)

উপ খাত	পণ্য/উদ্যোগ/প্রকল্প	আওতা	বৈশিষ্ট্য	পুনঃঅর্থায়ন প্রাপ্তির যোগ্যতা
১.	Solar Home System	সোলার হোম সিস্টেমের প্রকৃত মূল্য এবং স্থাপন ব্যয়।	১০ Wp-১০০০Wp বা এর অধিক ক্ষমতাসম্পন্ন সোলার প্যানেল	❖ একক অথবা যৌথ ভিত্তিতে ব্যবহারকারী। (আবাসিক)
Establishment of following types of Solar Grid on soil surface or rooftop (২-৫)				
২.	Solar Pico Grid	প্রকল্পের স্থানীয় ব্যয়, সিভিল ওয়ার্কস, সোলার প্যানেল ক্রেয়/আমদানিসহ সকল আনুষঙ্গিক ব্যয়।	৫০০ Wp এর সমান বা তদুর্ধ্ব কিন্তু ৩০০০ Wp এর চেয়ে কম ক্ষমতাসম্পন্ন সোলার প্যানেল ($৫০০ \text{ Wp} \leq P < ৩০০০ \text{ Wp}$)।	❖ একক অথবা যৌথ ভিত্তিতে ব্যবহারকারী পরিবার / প্রতিষ্ঠান। ❖ সমবায় সমিতি ^৪ ও RJSC ^৪ এর নিবন্ধিত প্রতিষ্ঠান।
৩.	Solar Micro Grid	-ঐ-	১০ KWp এর সমান বা তদুর্ধ্ব কিন্তু ১০০ KWp এর চেয়ে কম ক্ষমতাসম্পন্ন সোলার প্যানেল ($১০০০০ \text{ Wp} \leq P < ১০০০০০ \text{ Wp}$)।	-ঐ-
৪.	Solar Park	-ঐ-	Solar Pico Grid, Micro Grid, Nano Grid, Mini Grid এর আওতাভুক্ত নয় এমন সোলার প্যানেল।	-ঐ-
৫.	Solar Irrigation Pumping System	সোলার প্যানেল, সাবমারসিবল পাম্প, ইনভার্টার/কন্ট্রোলার, সুইচিং সিস্টেম, ড্রেনেজ সিস্টেম ইত্যাদি খাতে অর্থায়ন পুনঃঅর্থায়নের আওতায় আসবে।	সৌর শক্তি দ্বারা চালিত যেকোনো ক্ষমতা সম্পন্ন পানির পাম্প।	❖ একক অথবা যৌথ ভিত্তিতে ব্যবহারকারী। ❖ কৃষক সমবায় সমিতি ^৪ অথবা সমগ্রোপির নিবন্ধিত প্রতিষ্ঠান এবং অন্যান্য প্রতিষ্ঠান।
৬.	Solar Photovoltaic (PV) Assembly/ Manufacturing Plant	প্রকল্পের স্থানীয় ব্যয়, সিভিল ওয়ার্কস, সোলার প্যানেল ক্রেয়/আমদানিসহ সকল আনুষঙ্গিক ব্যয়।	দেশীয় চাহিদা পূরণের লক্ষ্যে দেশে প্রতিষ্ঠিত সোলার পিভি প্লান্ট স্থাপনার্থে প্রদত্ত ঋণ পুনঃ অর্থায়ন সুবিধাভুক্ত হবে।	❖ একক অথবা যৌথ ভিত্তিতে ব্যবহারকারী পরিবার ও প্রতিষ্ঠান। ❖ সমবায় সমিতি ^৪ /RJSC ^৪ এর নিবন্ধিত প্রতিষ্ঠান।
৭.	Solar Water Heater Assembly/Manufacturing Plant	-ঐ-	নবায়নযোগ্য জ্বালানি তথা সৌরশক্তির ব্যবহার সম্প্রসারণের লক্ষ্যে এসকল প্রকল্প/উদ্যোগ পুনঃ অর্থায়ন সুবিধার আওতায় আসবে।	-ঐ-
৮.	Solar Nano Grid	-ঐ-	৩ KWp এর সমান বা তদুর্ধ্ব কিন্তু ১০ KWp এর চেয়ে কম ক্ষমতাসম্পন্ন সোলার প্যানেল ($৩০০০ \text{ Wp} \leq P < ১০০০০ \text{ Wp}$)।	❖ একক অথবা যৌথ ভিত্তিতে ব্যবহারকারী পরিবার ও প্রতিষ্ঠান। ❖ সমবায় সমিতি ^৪ /RJSC ^৪ এর নিবন্ধিত প্রতিষ্ঠান।
৯.	Solar Mini Grid	ঐ-	১০০ KWp এর সমান বা তদুর্ধ্ব কিন্তু ৫ MWp এর চেয়ে কম ক্ষমতাসম্পন্ন সোলার প্যানেল ($১০০০০০ \text{ Wp} \leq P < ৫০০০০০০ \text{ Wp}$)।	❖ একক অথবা যৌথ ভিত্তিতে ব্যবহারকারী পরিবার ও প্রতিষ্ঠান। ❖ সমবায় সমিতি ^৪ /RJSC ^৪ এর নিবন্ধিত প্রতিষ্ঠান।
১০.	Net Metering Rooftop Solar System	ঐ-	গৃহস্থালি, বাণিজ্যিক, শিল্প কারখানায় জীবাশ্ম জ্বালানি ভিত্তিক বিদ্যুতের উপর নির্ভরশীলতা কমানোর লক্ষ্যে এ ধরনের প্রকল্প পুনঃ অর্থায়ন সুবিধার আওতায় আসবে।	-ঐ-
১১.	পানীয় জলের জন্য সৌর পাম্প (Solar Pump for Drinking Water)	ঐ-	সৌর শক্তি চালিত পাম্প ব্যবহারপূর্বক ডু-উপরিস্থ পানি উত্তোলন করতঃ পরিশোধনপূর্বক পানি উপযোগী করে সরবরাহ প্রকল্প স্থাপনের জন্য পুনঃ অর্থায়ন সহায়তা প্রযোজ্য হবে।	❖ একক অথবা যৌথ ভিত্তিতে ব্যবহারকারী পরিবার ও প্রতিষ্ঠান। ❖ সমবায় সমিতি ^৪ /RJSC ^৪ এর নিবন্ধিত প্রতিষ্ঠান। ❖ MRA ^৫ এর নিবন্ধিত MFI ^৫ ।

খাত ১ঃ নবায়নযোগ্য জ্বালানি (Renewable Energy)

উপ খাত	পথ্য/ভিত্তিমাধ্যম/প্রকল্প	আওতা	বৈশিষ্ট্য	পুনঃঅর্থায়ন প্রতিষ্ঠার যোগ্যতা
দৌর শক্তি	১২. Solar Cooker Assembly/ Manufacturing Plant	প্রকল্পের স্থানীয় বায়ু, বিভিন্ন ওয়ার্কস, সোনার প্যানেল প্রয়/আমদানিসহ সকল আনুষঙ্গিক ব্যয়	নবায়নযোগ্য জ্বালানি তথা দৌরশক্তির ব্যবহার সম্প্রসারণের লক্ষ্যে এসকল প্রকল্প/ভিত্তিমাধ্যম পুনঃ অর্থায়ন সুবিধার আওতায় আসবে।	❖ একক অথবা যৌথ মালিকানাধীন প্রতিষ্ঠান। ❖ সমবায় সমিতি ^৩ /RJS ^৮ এর নিবন্ধিত প্রতিষ্ঠান।
	১৩. Solar Air Heater & Cooling System Assembly/Manufacturing Plant	ই-	ই-	
	১৪. Solar Powered Cold Storage	ই-	ই-	
	Establishment of Biogas Plant using following raw materials: (i) Agricultural residues*, (ii) Community based wastes*, (iii) Industrial wastes*** (১৫-১৮)			
বায়ো গ্যাস	১৫. Small size biogas plant: 1.2, 1.6, 2.0, 2.4, 3.2 and 4.8 cubic meter gas production per day.	বায়োগ্যাসপ্লান্ট স্থাপনের পুরকর্ম ব্যয়।	সর্বনিম্ন ১.২ ঘনমিটার থেকে সর্বোচ্চ ৪.৮ ঘনমিটার ক্ষমতা সম্পন্ন বায়োগ্যাস স্থাপনের জন্য অর্থায়িত প্রকল্প।	❖ একক অথবা যৌথ ভিত্তিতে ব্যবহারকারী পরিবার/প্রতিষ্ঠান। ❖ সমবায় সমিতি ^৩ /RJS ^৮ এর নিবন্ধিত প্রতিষ্ঠান। ❖ MRA ^৯ এর নিবন্ধিত MF ^{১০} ।
	১৬. Medium size biogas plant: capacity varies from 6 to 25 cubic meter gas productions per day.	প্রকল্পের স্থানীয় বায়ু, বিভিন্ন ওয়ার্ক, অন্যান্য প্রযুক্তি স্থাপন ব্যয়।	গৃহস্থালি ও বাণিজ্যিকভাবে গ্যাস অথবা গ্যাস হতে বিদ্যুৎ উৎপাদন।	ই-
	১৭. Large size biogas having capacity 26 cubic meter gas production to 200 cubic meter gas production per day and above.	ই-	পোল্লি ও ডেইরি ভিত্তিক বৃহৎ আকারের বায়োগ্যাস প্লান্ট স্থাপন ও বিদ্যুৎ উৎপাদন।	ই-
	১৮. সমন্বিত গরুপালন ও বায়োগ্যাস প্লান্ট স্থাপন (Integrated Cow Rearing and Setting up of Bio-gas Plant)।	গরু প্রয় এবং বায়োগ্যাস প্লান্ট স্থাপনের ব্যয়, পুরকর্ম ব্যয়।	বায়োগ্যাস উৎপাদন ও ব্যবহারের জন্য ন্যূনতম ৪ (চার)টি উন্নত জাতের গরু এবং বায়োভাইজেন্টার প্রস্তুত।	ই-
বায়ু বিদ্যুৎ	১৯. বায়ু শক্তি চালিত বিদ্যুৎ উৎপাদন প্লান্ট (Wind Power Plant)	প্রকল্পের স্থানীয় বায়ু, আমদানি ব্যয় (টার্বাইন+কন্ট্রোলার), বিভিন্ন ওয়ার্ক ও টাওয়ার নির্মাণ ব্যয়।	উপকূলীয় এলাকাসহ সম্ভাবনাময় দেশের যে কোন এলাকায় বায়ু শক্তি ব্যবহারের মাধ্যমে বিদ্যুৎ উৎপাদন প্রকল্পে পুনঃঅর্থায়ন সুবিধা প্রযোজ্য হবে।	❖ একক অথবা যৌথ মালিকানাধীন প্রতিষ্ঠান। ❖ সমবায় সমিতি ^৩ /RJS ^৮ এর নিবন্ধিত প্রতিষ্ঠান।
জল বিদ্যুৎ	২০. জলবিদ্যুৎ প্লান্ট (Hydro Power Plant)	প্রকল্পের স্থানীয় বায়ু, আমদানি ব্যয় ও পুরকর্ম ব্যয়।	যেকোন ক্ষমতা সম্পন্ন জলবিদ্যুৎ প্লান্ট স্থাপনে পুনঃঅর্থায়ন সুবিধা প্রযোজ্য হবে।	ই-

খাতঃ ২ জ্বালানি দক্ষতা ও সম্পদ ব্যবহারে দক্ষতা (Energy & Resource Efficiency)

উপ খাত	পণ্য/উদ্যোগ/প্রকল্প	আওতা	বৈশিষ্ট্য	পুনঃঅর্থায়ন প্রাপ্তির যোগ্যতা
	২১. Installation of Energy Auditor Certified machineries including boiler in industries for following purposes: i. Energy Efficiency ii. Resource Efficiency iii. Heat and temperature management iv. Air ventilation and circulation efficiency v. Waste Heat Recovery System/Unit	জ্বালানি দক্ষ/সাহায্যী মূলধনী/অন্যান্য (Air Efficiency/Water Efficiency ইত্যাদি) যন্ত্রপাতি স্থাপনের স্থানীয় বায়/আমদানিসহ সকল আনুষঙ্গিক ব্যয়।	এনার্জি অডিট রিপোর্ট দাখিল করতে হবে। ^১	❖ একক ও যৌথ মালিকানাধীন প্রতিষ্ঠান। ❖ RJSC ^৪ এর নিবন্ধিত প্রতিষ্ঠান
	২২. Auto sensor power switch assembly Plant	প্রকল্পের স্থানীয় বায়, সিভিল ওয়ার্কস, আমদানিসহ সকল আনুষঙ্গিক ব্যয়।	-এ-	-এ-
	২৩. Energy efficient Cook Stove Assembly Plant	-এ-	-এ-	-এ-
	২৪. LED Bulb/Tube Manufacturing/ Assembly Plant	এ-	আমদানিকৃত এলইডি ডায়োড উচ্চমান সম্পন্ন ও দীর্ঘস্থায়ী হতে হবে ও এসেম্বলি প্রতিষ্ঠানকে অবশ্যই warranty সহ বিক্রয়োত্তর সেবা দিতে হবে।	-এ-
	২৫. এনার্জি এফিশিয়েন্ট লাইম কিলন (Energy Efficient Lime Kiln)	-এ-	গ্যাস সাশ্রয়ের জন্য সনাতন পদ্ধতিতে পরিচালিত চুন চুল্লিসমূহকে উন্নত ও জ্বালানি দক্ষ প্রযুক্তিসম্পন্ন চুল্লি দ্বারা প্রতিস্থাপনের ক্ষেত্রে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হবে।	-এ-
	২৬. উন্নত রাইস বয়েলিং সিস্টেম (Improved Rice Parboiling System)	গুধু জ্বালানি সাশ্রয়ী বয়লার স্থাপন বায় অথবা সম্পূর্ণ অটোমেটেড রাইস মিল স্থাপন এর স্থানীয় বায়, আমদানি বায় ও সিভিল ওয়ার্কস।	দেশের চাল কল/চাতালসমূহের বিদ্যমান সনাতনী প্রক্রিয়ার স্থলে জ্বালানি সাশ্রয়ী প্রযুক্তি স্থাপন।	-এ-

খাতঃ ৩: বিকল্প জ্বালানি (Alternative Energy)

উপ খাত	পণ্য/উদ্যোগ/প্রকল্প	আওতা	বৈশিষ্ট্য	পুনঃঅর্থায়ন প্রাপ্তির যোগ্যতা
	২৭. Pyrolysis Oil/Bio-crude Oil/Bio Fuel Manufacturing Plant	প্রকল্পের স্থানীয় বায়, আমদানি বায়, ও সিভিল ওয়ার্ক	টায়ার এবং অন্যান্য উৎস হতে পাইরোলাইসিস প্রক্রিয়াতে তরল দাহ্য উৎপাদনের পাশাপাশি বাই-প্রোডাক্ট হিসেবে ব্রাক কার্বন ও ক্র্যাপ আয়রন উৎপাদন।	❖ একক অথবা যৌথ ভিত্তিতে ব্যবহারকারী পরিবার ও প্রতিষ্ঠান। ❖ সমবায় সমিতি ^৩ /RJSC ^৪ এর নিবন্ধিত প্রতিষ্ঠান।
	২৮. Lithium Battery Manufacturing Plant	প্রকল্পের স্থানীয় বায়, আমদানি বায়, ও সিভিল ওয়ার্ক	কাঁচামাল (আমদানিকৃত/স্থানীয় পর্যায়ে উৎপাদনকৃত) ও শ্রম বিনিয়োগ করে যেকোনো ধরনের লিথিয়াম ব্যাটারি উৎপাদন।	❖ একক ও যৌথ মালিকানাধীন প্রতিষ্ঠান। ❖ RJSC ^৪ এর নিবন্ধিত প্রতিষ্ঠান

খাতঃ ৪ ও ৫: তরল বর্জ্য ব্যবস্থাপনা এবং কঠিন বর্জ্য ব্যবস্থাপনা (Liquid & Solid Waste Management)

উপ খাত	পণ্য/উদ্যোগ/প্রকল্প	আওতা	বৈশিষ্ট্য	পুনঃঅর্থায়ন প্রাপ্তির যোগ্যতা
তরল বর্জ্য ব্যবস্থাপনা	Installation of Effluent Treatment Plant (ETP)			
	২৯. Biological ETP	ETP স্থাপনের প্রকৃত ব্যয় (অবকাঠামো নির্মাণ, পাইপিং এবং যন্ত্রাংশ বাবদ ব্যয়)।	দৈনিক সর্বনিম্ন ৪০০ অথবা তদূর্ধ্ব ঘনিষ্ঠতার পরিশোধন ক্ষমতাসম্পন্ন হতে হবে।	পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭ অনুযায়ী যেনকন শিল্প কারখানায় বর্জ্য পরিশোধন প্লান্ট স্থাপন (ইটিপি) বাধ্যতামূলক।
	৩০. Combination of Biological and Chemical ETP	-ই-	-ই-	-ই-
	৩১. Conversion of Chemical ETP into Combination of Biological and Chemical ETP	-ই-	-ই-	-ই-
	৩২. Central ETP	-ই-	একের অধিক প্রতিষ্ঠানের জন্য স্থাপিত ইটিপি সেট্রাল ইউয়েন্ট ট্রিটমেন্ট প্লান্ট হিসেবে গণ্য হবে।	-ই-
	৩৩. বর্জ্য পানি প্রক্রিয়াজাতকরণ প্রকল্প (Waste Water Treatment Plant)	প্রকল্পের স্থানীয় ব্যয়, আমদানি ব্যয় ও সিভিল ওয়ার্কস।	বিভিন্ন সুউচ্চ ভবন/ফ্ল্যাট/আবাসিক এলাকা এবং শিল্প প্রতিষ্ঠানের বর্জ্য (শিল্পের তরল বর্জ্য ব্যতীত) ও পয়ঃনিষ্কাশনের পানি প্রক্রিয়াকরণ প্রকল্পে পুনঃ অর্থায়ন সুবিধা প্রদান করা হবে।	একক অথবা যৌথ ভিত্তিতে ব্যবহারকারী পরিবার ও প্রতিষ্ঠান অথবা RJSC এর নিবন্ধিত প্রতিষ্ঠান।
	৩৪. পয়ঃনিষ্কাশনিত তরল প্রক্রিয়াজাতকরণ প্রকল্প (Sewage Water Treatment Plant)	-ই-	-ই-	
	৩৫. রপৌর বর্জ্য হতে মিথেন রিকভারি ও বিদ্যুৎ উৎপাদন প্রকল্প (Methane Recovery and Power Production from Municipal Waste Plant)	প্রকল্পের স্থানীয় ব্যয়, আমদানি ব্যয়, জেনারেটর ক্রয়, সারভেটেশন ক্রয় ও পুরকর্ম ব্যয়।	পঁচনশীল/ক্ষতিকারক বর্জ্যকে সংগ্রহপূর্বক বৈজ্ঞানিক ও পরিবেশবান্ধব প্রক্রিয়াতে পরিশোধনপূর্বক পরিবেশ দূষণ রোধ করার জন্য এ ধরনের প্রকল্পে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদানযোগ্য হবে।	
কঠিন বর্জ্য ব্যবস্থাপনা	৩৬. পৌর বর্জ্য হতে কম্পোস্ট উৎপাদন প্রকল্প (Compost Production from Municipal Waste Plant)	প্রকল্পের স্থানীয় ব্যয়, আমদানি ব্যয় ও সিভিল ওয়ার্কসসহ সকল আনুষঙ্গিক ব্যয়।	-ই-	
	৩৭. বিপদজনক বর্জ্য ব্যবস্থাপনা ইউনিট/প্রকল্প (Hazardous Waste Management Unit/Plant)	-ই-	-ই-	❖ একক ও যৌথ মালিকানাধীন প্রতিষ্ঠান। ❖ RJSC এর নিবন্ধিত প্রতিষ্ঠান।
	৩৮. চিকিৎসা বর্জ্য ব্যবস্থাপনা ইউনিট/প্রকল্প (Medical Waste Management Unit/Plant)	-ই-	-ই-	
	৩৯. ই-বর্জ্য ব্যবস্থাপনা ইউনিট/প্রকল্প (E-waste Management Unit/Plant)	-ই-	-ই-	
	৪০. Sludge Management Unit/Plant	-ই-	-ই-	

উপ খাত	পণ্য/উদ্যোগ/প্রকল্প	ঋণের আওতা	পরিবেশবান্ধব পণ্য/উদ্যোগের বৈশিষ্ট্য	পুনঃ অর্থায়ন প্রাপ্তির যোগ্যতা
	৪১. PET Bottle Recycling Plant	প্রকল্পের স্থানীয় ব্যয়, আমদানি ব্যয় ও পুরকর্ম ব্যয়।	পুনঃ ব্যবহারযোগ্য সামগ্রীসমূহ পরিবেশবান্ধব প্রক্রিয়ায় মাধ্যমে শৌধনপূর্বক প্রক্রিয়াজাতকরণের মাধ্যমে ব্যবহার উপযোগী করার প্রকল্পসমূহে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদানযোগ্য হবে।	❖ একক ও যৌথ মালিকানাধীন প্রতিষ্ঠান। ❖ RJSC^৪ এর নিবন্ধিত প্রতিষ্ঠান
	৪২. Plastic Waste (PVC, PP, LDPE, HDPE,PS) Recycling Plant	-ঐ-	-ঐ-	
	৪৩. Paper Recycling Plant	-ঐ-	-ঐ-	
	৪৪. Recyclable Bag Manufacturing Plant	-ঐ-	-ঐ-	
	৪৫. Recyclable Poly Propylene Thread and Bag Manufacturing Plant	-ঐ-	-ঐ-	
	৪৬. Battery (Solar/Led Acid/Lithium Ion) Recycling Plant	-ঐ-	-ঐ-	

খাত ৭ঃ পরিবেশবান্ধব ইট-উৎপাদন (Environment Friendly Brick Production)

উপ খাত	পণ্য/উদ্যোগ/প্রকল্প	আওতা	বৈশিষ্ট্য	পুনঃঅর্থায়ন প্রাপ্তির যোগ্যতা
	৪৭. Compressed Block-Brick	প্রকল্পের স্থানীয় ব্যয়, আমদানি ব্যয়, পুরকর্ম ব্যয়। পরামর্শকের ফি, মেরামত সংক্রান্ত ব্যয় এবং চলতি মূলধন পুনঃ অর্থায়ন সুবিধার আওতায় বিবেচনাযোগ্য হবেনা।	যেকোনো পরিমাণ ইট উৎপাদনের ক্ষমতা সম্পন্ন প্রকল্প স্থাপন ও বিদ্যমান প্রকল্পের উন্নয়ন/রূপান্তর সাধন	❖ একক ও যৌথ মালিকানাধীন প্রতিষ্ঠান। ❖ RJSC^৪ এর নিবন্ধিত প্রতিষ্ঠান। ❖ প্রকল্পের অনুকূলে পরিবেশগত ছাড়পত্র ও জেলা প্রশাসক কর্তৃক গ্রাহকের অনুকূলে ইস্যুকৃত লাইসেন্স থাকতে হবে।
	৪৮. Foam Concrete Brick	-ঐ-	-ঐ-	
	৪৯. Other Environment Friendly Brick Kiln Project (HHK, Tunnel Kiln, and other eco-friendly bricks)	-ঐ-	সরকার কর্তৃক স্বীকৃত ইটের যেকোনো পরিমাণ উৎপাদন ক্ষমতা সম্পন্ন প্রকল্প স্থাপন ও বিদ্যমান প্রকল্পের উন্নয়ন/রূপান্তর সাধন	

খাত ৮ঃ পরিবেশবান্ধব স্থাপনা (Green/Environment Friendly Establishments)

উপ খাত	পণ্য/উদ্যোগ/প্রকল্প	আওতা	বৈশিষ্ট্য	পুনঃঅর্থায়ন প্রতিষ্ঠার যোগ্যতা
	৫০. Establishment of Certified Green Industry		প্রকল্পের স্থানীয় বায়ু, আমদানি বায়ু ও পুরকর্ম ব্যয়।	❖ একক ও যৌথ মালিকানাধীন প্রতিষ্ঠান। ❖ RJSC^৪ এর নিবন্ধিত প্রতিষ্ঠান। ❖ পুনঃ অর্থায়ন সুবিধা পাওয়ার জন্য আবশ্যিকভাবে সংশ্লিষ্ট সার্টিফিকেট থাকতে হবে।^৮
	৫১. Establishment of Certified Green Building			
	৫২. Establishment/Installation 'Green Featuring' in the Buildings/Industries (সংযোজনী-৫)			
	৫৩. Affordable Green Housing ^{১০} (সংযোজনী-৬)		নিম্নমধ্যবিত্তের জন্য নির্মিতব্য পরিবেশবান্ধব আবাসন।	❖ পরিবেশবান্ধব আবাসনের মালিকানা ক্রয়ের জন্য নিম্ন ও মধ্যবিত্ত শ্রেণীর^{১১} ব্যক্তি অথবা ব্যক্তিবর্গ বিশেষ। ❖ একক, যৌথ মালিকানা, RJSC^৪ এর নিবন্ধিত আবাসন প্রকল্প নির্মাণকারী প্রতিষ্ঠান। ❖ পুনঃ অর্থায়ন সুবিধা পাওয়ার জন্য আবশ্যিকভাবে সংশ্লিষ্ট সার্টিফিকেট থাকতে হবে।^৮

খাত ৯ঃ সবুজ কৃষি (Green Agriculture)

উপ খাত	পণ্য/উদ্যোগ/প্রকল্প	আওতা	বৈশিষ্ট্য	পুনঃঅর্থায়ন প্রতিষ্ঠার যোগ্যতা
	৫৪. বনায়ন (সামাজিক/সমন্বিত/কৃষি) (Forestation (Social/integrated/Agro)	বনায়ন	বনায়ন (সামাজিক/সমন্বিত/কৃষি) উৎসাহিত করার লক্ষ্যে পুনঃ অর্থায়ন সুবিধা প্রদান (বীজ উৎপাদন প্রক্রিয়া এর আওতাভুক্ত)	একক /যৌথ মালিকানাধীন প্রতিষ্ঠান।
	৫৫. জৈব চাষ (Organic Farming)	জমি চাষ এবং ফসল উৎপাদন	জৈব বর্জ্য (ফসল, পশু ও খামারের বর্জ্য, জলজ বর্জ্য) এবং অন্যান্য জৈবিক উপকরণ উপকারী জীবাবু (জৈবসার) ব্যবহার করে জমি চাষ এবং ফসল উৎপাদন (বীজ উৎপাদন প্রক্রিয়া এর আওতাভুক্ত)	একক /যৌথ মালিকানাধীন প্রতিষ্ঠান।
	৫৬. ছাদের কৃষি উল্লম্ব চাষ বা বাগান (Rooftop Agriculture/Vertical Farming or Gardening)	ছাদে কৃষি বা বাগান প্রতিষ্ঠা	সরকারি নীতির আলোকে প্রতিষ্ঠিত একক/যৌথ ভিত্তিতে বাড়ির বা প্রতিষ্ঠানের ছাদে কৃষি বা বাগান চাষ (বীজ উৎপাদন প্রক্রিয়া এর আওতাভুক্ত)	-ই-
	৫৭. খাঁচায় মাছ চাষ (Fish cultivation in cage)	মৎস্য চাষ	নদী ও খালের প্রবাহিত পানিতে খাচায় মাছ চাষ	-ই-
	৫৮. বায়োপ্রক মাছ চাষ (Biofloc fish cultivation)	মৎস্য চাষ	পানির ইকোসিস্টেমে নষ্ট ফিডের পাশাপাশি মাছের মলমূত্র খাদ্যে রূপান্তরিত হয় যা মাছ খেতে পারে। অণুজীব, ছত্রাক, পোচলা ইত্যাদির সংমিশ্রণে একটি বায়োপ্রক তৈরি হয় যা অজৈব বর্জ্য শোষণ করে এবং পানির গুণমান উন্নত করে।	-ই-
	৫৯. ইন্টিগ্রেটেড রিসাইক্লিং সিস্টেম (IRS) মাছ চাষ/নিচ থেকে পরিষ্কার মাছ চাষ (Integrated Recycling System (IRS) fish cultivation/Bottom clean fish cultivation)	মৎস্য চাষ	ইন্টিগ্রেটেড রিসাইক্লিং সিস্টেম (IRS) মাছ চাষ/নিচ থেকে পরিষ্কার মাছ চাষ পদ্ধতিকে উৎসাহিত করার লক্ষ্যে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান	-ই-
	৬০. উপকূলীয় জলজ চাষে অর্থায়ন (Financing in coastal aquaculture)	শামুক, বিনক, কাকড়া, শ্যাওলা ও অন্যান্য জলজ উদ্ভিদ চাষ	পরিবেশবান্ধব ও জলবায়ু সহনশীল পদ্ধতিতে চাষ	-ই-
	৬১. ভাসমান পদ্ধতিতে চাষ, হাইড্রোপনিক চাষ/চাষ (Floating system cultivation, Hydroponic cultivation/farming)	ভাসমান ও যুক্তিকাবিহীন পদ্ধতিতে চাষাবাদ	পানি ও অন্যান্য প্রাকৃতিক সম্পদের যথাপযোগী ব্যবহার নিশ্চিত করে চাষাবাদ	-ই-

খাত ১০ঃ Green CMSME

উপ খাত	পণ্য/উদ্যোগ/প্রকল্প	আওতা	বৈশিষ্ট্য	পুনঃঅর্থায়ন প্রাপ্তির যোগ্যতা
৬২. কুটির শিল্পে অর্থায়ন cultivation/farming)	(Floating system cultivation, Hydroponic)	ক্ষুদ্র কুটির, ছোট ও মাঝারি শিল্প	পরিবেশবান্ধব ক্ষুদ্র কুটির, ছোট ও মাঝারি শিল্প এর মাধ্যমে জীবিকা সৃষ্টি	একক/যৌথ মালিকানাধীন প্রতিষ্ঠান।

খাত ১১ঃ সামাজিক দায়বদ্ধতা অর্থায়ন (Socially Responsible Finance (SRF))

উপ খাত	পণ্য/উদ্যোগ/প্রকল্প	আওতা	বৈশিষ্ট্য	পুনঃঅর্থায়ন প্রাপ্তির যোগ্যতা
৬৩. Community Investment for addressing Climate Resilience and Disaster Management in a concessional rate	বিশুদ্ধ বায়ু ও পানি, শিল্প ও পৌর এলাকার বর্জ্য হ্রাসকরণ, জলাশয় ও নিচু এলাকা সংরক্ষণ, সবুজ উপকূলীয় অঞ্চল প্রসার, টেকসই পয়ঃ ব্যবস্থাপনা, জলাবদ্ধতা নিরসন, মাটি ও পানির লবণাক্ততা দূরীকরণ এবং নদী ভাঙন রোধ নিশ্চিতকল্পে অর্থায়ন	বিশুদ্ধ বায়ু ও পানি, শিল্প ও পৌর এলাকার বর্জ্য হ্রাসকরণ, জলাশয় ও নিচু এলাকা সংরক্ষণ, সবুজ উপকূলীয় অঞ্চল প্রসার, টেকসই পয়ঃ ব্যবস্থাপনা, জলাবদ্ধতা নিরসন, মাটি ও পানির লবণাক্ততা দূরীকরণ এবং নদী ভাঙন রোধ নিশ্চিতকল্পে অর্থায়ন	প্রাকৃতিক সম্পদের টেকসই ব্যবহারের মাধ্যমে প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন	❖ একক/যৌথ মালিকানাধীন প্রতিষ্ঠান। ❖ RJSC ^৪ এর নিবন্ধিত প্রতিষ্ঠান প্রতিষ্ঠান।
৬৪. Financing in Green/Clean transportation projects (cycles, green vehicles those run on wind, solar energy, electricity, bio-fuels etc.)	সাইকেল এবং ট্রাইসাইকেল সহ কম কার্বন পরিবহনের যানবাহন তৈরি, সমাবেশ সংক্রান্ত স্থানীয় ও আমদানি ব্যয়	সাইকেল এবং ট্রাইসাইকেল সহ কম কার্বন পরিবহনের যানবাহন তৈরি, সমাবেশ সংক্রান্ত স্থানীয় ও আমদানি ব্যয়	পরিবেশবান্ধব যানবাহন সহজলভ্য করার মাধ্যমে পরিবেশ উন্নয়ন সাধন এবং এই খাতে বাণিজ্যিক সক্ষমতা অর্জনসহ কর্মসংস্থান সৃষ্টি।	❖ একক/যৌথ মালিকানাধীন প্রতিষ্ঠান। ❖ RJSC ^৪ এর নিবন্ধিত প্রতিষ্ঠান প্রতিষ্ঠান।
৬৫. Financing in Sand-witch Panel (Floating or Movable Houses in coastal areas or climate vulnerable zone)	প্রকল্পের স্থানীয়ব্যয়, আমদানি ব্যয় ও পুরকর্ম ব্যয়।	প্রকল্পের স্থানীয়ব্যয়, আমদানি ব্যয় ও পুরকর্ম ব্যয়।	জলবায়ু সহনশীল ও অতিকূল পরিবেশে ব্যবহার ও স্থানান্তরযোগ্য বাসস্থান নির্মাণ	❖ একক/যৌথ মালিকানাধীন প্রতিষ্ঠান।
৬৬. Financing in Govt. approved Eco- tourism project	প্রকল্পের স্থানীয়ব্যয়, আমদানি ব্যয় ও পুরকর্ম ব্যয়।	প্রকল্পের স্থানীয়ব্যয়, আমদানি ব্যয় ও পুরকর্ম ব্যয়।	হোটেল, টুর অপারেটর বা গন্তব্য সমূহ যা সরকারের প্রাসঙ্গিক মানদণ্ডসমূহ পূরণ করে। এছাড়া, গ্লোবাল সাসটেইনেবল ট্যুরিজম কাউন্সিল (GSTC) এর মানদণ্ডসমূহ পরিপালন সাপেক্ষে প্রকল্পটিতে পুনঃ অর্থায়ন করা যেতে পারে।	❖ একক/যৌথ মালিকানাধীন প্রতিষ্ঠান। ❖ RJSC ^৪ এর নিবন্ধিত প্রতিষ্ঠান।

খাত ১২ঃ বিবিধ (Miscellaneous)

উপ খাত	পণ্য/উদ্যোগ/প্রকল্প	আওতা	বৈশিষ্ট্য	পুনঃঅর্থায়ন প্রতিশ্রুতি যোগ্যতা
	৬৭. কারখানার কর্মপরিবেশ ও নিরাপত্তা বিষয়ক প্রকল্প (Safety and work environment of factory related projects)	প্রকল্পের স্থানীয় ব্যয়, আমদানি ব্যয় ও পুরকর্ম ব্যয়।	কারখানার নিরাপদ কর্মপরিবেশ নিশ্চিতকল্পে অগ্নি প্রতিরক্ষা ব্যবস্থা স্থাপন, অগ্নি প্রতিরক্ষা ব্যবস্থা উন্নীতকরণ, সংস্কার এবং পুনর্গঠন সংক্রান্ত ব্যয় পুনঃ অর্থায়নের আওতায় বিবেচনায়োগ্য হবে।	❖ একক / যৌথ মালিকানাধীন প্রতিষ্ঠান। ❖ RJSC ^৪ এর নিবন্ধিত প্রতিষ্ঠান। ❖ সসকল প্রয়োজনীয় সনদ থাকতে হবে। ^৯
	৬৮. কেঁচো কম্পোস্ট সার উৎপাদন (Production of Vermicompost)	গরু ক্রয় ও অন্যান্য ব্যয়।	কেঁচো কম্পোস্ট সারের বাণিজ্যিক উৎপাদনকে উৎসাহিত করার লক্ষ্যে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হবে।	❖ একক / যৌথ মালিকানাধীন প্রতিষ্ঠান।
	৬৯. স্লারি হতে জৈবসার প্রস্তুত। (Production of organic fertilizer from slurry)	স্লারি শুকানো ও বাজারজাতকরণের লক্ষ্যে চাটাল নির্মাণ ও ভ্যান ক্রয়।	-	-ই-
	৭০. পাটজাত পণ্য তৈরিকরণ শিল্প (Jute Products Manufacturing Industry)	প্রকল্পের স্থানীয়ব্যয়, আমদানি ব্যয় ও পুরকর্ম ব্যয়।	পাট থেকে তৈরিকৃত যেকোনো পণ্য	❖ একক / যৌথ মালিকানাধীন প্রতিষ্ঠান। ❖ RJSC ^৪ এর নিবন্ধিত প্রতিষ্ঠান।

বিশেষ দ্রষ্টব্যঃ

* Crop residues, livestock wastes, poultry litters, energy crops, algal biomass, etc.

** Organic portion of Municipal Solid Waste (MSW), sewage sludge, food remains, grass clippings, garden wastes, organic portion of institutional wastes, etc.

*** Waste from food & beverage processing, dairy, starch industry, sugar industry, pharmaceutical industry, cosmetic industry, biochemical industry, pulp and paper, slaughterhouse, rendering plant, etc.

**** সকল নবায়নযোগ্য জ্বালানি, জ্বালানি দক্ষতা ও সম্পদ ব্যবহারে দক্ষতা বিষয়ক উদ্যোগ/পণ্য/প্রকল্পসমূহ SREDA এর বিধিমালা/মানদণ্ড অনুসারে বাস্তবায়িত হতে হবে।

***** সকল তরল বর্জ্য ব্যবস্থাপনা ও কঠিন বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ক উদ্যোগ/পণ্য/প্রকল্পসমূহ পরিবেশ অধিদপ্তরের বিধিমালা/মানদণ্ড অনুসারে বাস্তবায়িত হতে হবে।

***** পরিবেশবান্ধব হিট উৎপাদন উদ্যোগ/পণ্য/প্রকল্পসমূহ পরিবেশ অধিদপ্তরের বিধিমালা/মানদণ্ড অনুসারে বাস্তবায়িত হতে হবে।
শিল্প মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রজ্ঞাপন দ্বারা ঘোষিত Tunnel Kiln and HHK (Hybrid Hoffman Kiln) ও অন্যান্য হিট পরিবেশ পরিবেশবান্ধব হিটের অন্তর্ভুক্ত হবে।

১. ঋণ পরিশোধের মেয়াদ গ্রাহক ও PFI উভয়ের জন্যই প্রযোজ্য।

২. প্রতিষ্ঠান = লাভজনক/অলাভজনক প্রতিষ্ঠান, উৎপাদনমুখী ব্যবসায় প্রতিষ্ঠান, সমবায় সমিতি, একক/যৌথ মালিকানা ব্যবসায় প্রতিষ্ঠান ইত্যাদি।

৩. সমবায় সমিতি অবশ্যই সুবিধাজনকী গ্রাহকদের সমন্বয়ে গঠিত এবং যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক নিবন্ধিত হতে হবে।

৪. RJSC= Registrar of Joint Stock Companies and Firms।

৫. MRA= Microcredit Regulatory Authority।

৬. MFI = Microfinance Institution।

৭. Sustainable and Renewable Energy Development Authority Act, 2012 (SREDA Act-2012) এর ৬(৬) নং উপধারা অনুযায়ী এনার্জি ম্যানুজার, এনার্জি অডিটর নিয়োগ এবং স্বীকৃত এনার্জি অডিট প্রতিষ্ঠান নির্বাচনের লক্ষ্যে মান ও যোগ্যতা যাচাই সংক্রান্ত জ্ঞাননি প্রতিপনমালী, ২০১৮ অনুযায়ী Sustainable and Renewable Energy Development Authority(SREDA) এর সনদধারী Energy Auditor কর্তৃক সম্পাদিত Energy Audit Report দাখিল করিতে হবে।

৮. গ্রিন ইভালুয়েন্সি/গ্রিন বিল্ডিং/গ্রিন ফিচারিং/ Affordable Green Housing সংক্রান্ত কোন সরকারি নির্দেশনা/পরিপত্র জারি না হওয়ায় সাময়িকভাবে Leadership in Energy and Environmental Design (LEED)/ Building Research Establishment Environmental Assessment Method (BREEAM)/Comprehensive Assessment System for Build Environment Efficiency (CASBEE)/Excellence in Design for Greater Efficiencies (EDGE)/ Green Rating for Integrated Habitat Assessment (GRIHA) অথবা Sustainable and Renewable Energy Development Authority(SREDA) কর্তৃক নির্মিত/প্রকল্পটি “গ্রিন ইভালুয়েন্সি/গ্রিন বিল্ডিং/ফিচারিং/Affordable Green Housing” এ মর্মে প্রত্যায়িত হতে হবে। গ্রামাঞ্চলে অবস্থিত পরিবেশবান্ধব বসতিভিটা এবং Climate Resilient Housing এর ক্ষেত্রে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় (The Ministry of Local Government, Rural Development and Co-operatives), ইউনিয়ন পরিষদ বা সরকার মনোনীত অন্যকোনো সংস্থা কর্তৃক প্রত্যায়ন করা যেতে পারে। সরকারি নির্দেশনা/পরিপত্র জারি হওয়ার পর উক্ত সরকারি নির্দেশনা এক্ষেত্রে অনুসরণীয় হবে।

৯. সরকারের যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে এবং কারখানা সংক্রান্ত প্রয়োজনীয় সকল সনদ রয়েছে (যেমন: ফায়ার লাইসেন্স, পরিবেশগত ছাড়পত্র, অবস্থানগত ছাড়পত্র ইত্যাদি) এ ধরনের সকল কল-কারখানার কর্মপরিবেশ ও নিরাপত্তা নিশ্চিতকরণ খাতে বিতরণকৃত ঋণ পুনঃপ্রায়ন ক্ষম এ প্র আওতায় বিবেচনা করা হবে।

১০. Definition Affordable Green Housing: For the purpose of this policy, affordable green housing is defined as a certified green housing in Bangladesh with basic civic infrastructure which is afforded by Lower Income Group (LIG) and Middle Income Group (MIG). Development of eco-friendly homestead and climate resilient housing in the village area are also included within the scope of Affordable Green Housing.

১১. a) For the purpose of this policy, Lower Income Group includes individuals having a monthly income up to Tk.50,000 (Taka Fifty Thousand).

b) For the purpose of this policy, Middle Income Group includes individuals having a monthly income from Tk.50,001 (Taka Fifty Thousand One) to Tk.1,00,000 (Taka One Lakh).